


## অক্টোবরেই আসছে আইপ্যাড মিনি

নানা গুজব আর আলোচনা শেষে অবশেষে অক্টোবরেই আসছে অ্যাপলের বহুল আলোচিত নতুন আইপ্যাড মিনি। আইপ্যাডের ছোট এ সংস্করণ নিয়ে ইতিমধ্যে প্রযুক্তিবিশ্বে চলছে নানা গুঞ্জন। এর আগে প্রযুক্তিবিশ্বক রুগ আইমোরের সূত্র ধরে অক্টোবরে আইপ্যাড মিনি বাজারে আসার খবর পাওয়া গিয়েছিল। এবার অল থিক্সস ডিজিটাল নামের ওয়েবসাইট থেকে এ তথ্য জানা গেছে। আগামী মাসের ১২ তারিখে আইফোনের সর্বশেষ সংস্করণও বাজারে আসবে বলে জানা গেছে। এর পরেই আসবে আইপ্যাড মিনি। তবে এ ব্যাপারে আনুষ্ঠানিকভাবে বরাবরের মতো কিছুই জানায়নি অ্যাপল কর্তৃপক্ষ। মাত্র আট ইঞ্চি পর্দার আইপ্যাড বাজারে আসার

আগেই বেশ আলোচনার সৃষ্টি করেছে। তবে সাইজ কি সাত ইঞ্চি হচ্ছে, না আট ইঞ্চি হচ্ছে তা নিয়েও রয়েছে নানা মত।

জানা গেছে, বর্তমান সময়ের আইপ্যাডের প্রায় সব সুবিধাই থাকবে নতুন আইপ্যাড মিনিতে। বাজারের আমাজন কিন্ডল ফায়ার, উইন্ডোজ ৮ ট্যাবলেটের সঙ্গে নতুনভাবে প্রতিদ্বন্দ্বিতায় টিকে থাকতে অ্যাপলের এ নতুন মিনি আইপ্যাডের উদ্যোগ বলেও মনে করছেন অনেকেই। আইপ্যাড প্রেমীদের অপেক্ষা করতে হবে অক্টোবর পর্যন্ত, তখনই জানা যাবে আইপ্যাড মিনির বিস্তারিত।

—টাইমস অব ইন্ডিয়া অবলম্বনে কাজী আশফাক আলম



বার্লিনে অনুষ্ঠিত হয়ে গেল ইলেকট্রনিক ইন্টারটেনমেন্ট ইভেন্ট। ছয় দিনের এ আয়োজনে হ্যাকার, ডেভেলপার, গেমারসহ প্রযুক্তি জগতের নির্মাতারা অংশ নিয়েছেন। আর এ আয়োজনে নিজেদের সেরা জিনিসটি তৈরি করে দেখিয়েছেন তারা। এ আয়োজনে তৈরি এমন একটি কম্পিউটার আর পোকা আকৃতির রোবট, যার মাধ্যমে পাওয়া যাবে গেমসের নতুন এক অভিজ্ঞতা ● এএফপি

## নতুন রিমোট মাদারবোর্ড

বায়োস্টার টিএ-৯৯০ এফএক্স ই গেমিং মাদারবোর্ড বাজারে এসেছে। এটি এএমডি এম৩+ সেক্টের এফএক্স বুলডোজার, ফেনম২, এথলন২, সেমপ্রন ও মাল্টিকোর প্রসেসর সমর্থন করে। এতে রয়েছে ৪ চ্যানেল ডিডিআর-৩ সর্বোচ্চ ৩২জিবি র্যাম সমর্থন, ৩টি পিসিআই এক্সপ্রেস এক্স-১৬-২.০স্লট, মাল্টি গ্রাফিকস, গিগাবাইট লেন ও ৮ চ্যানেল এইচডি অডিও ইত্যাদি। রয়েছে বায়োস্তার রিমোট কন্ট্রোল। বিজনেসলিংক কম্পিউটারস লিমিটেডের বাজারে আনা মাদারবোর্ডটির দাম ১৫ হাজার টাকা।

—বিজ্ঞপ্তি